গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
এফ-১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

[কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৬.১৯/ ৫৬ তারিখ: ১৬ এপ্রিল, ২০২৩ খ্রিঃ।

**কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ২৯/২০২৩**

**বিষয়ঃ আমদানিতব্য "Heat Exchanger, Water cooled Shell & Tube Condenser and Gas desuperheater" নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।**

সূত্রঃ Aziz Trade & Engineering Ltd.এর ২৯/০১/২০২৩ খ্রিঃ তারিখের দাখিলকৃত আবেদন।

Aziz Trade & Engineering Ltd. নামক প্রতিষ্ঠান "Heat Exchanger, Water cooled Shell & Tube Condenser and Gas desuperheater" নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

| | |
|---|---|
| আবেদনকারীর নাম | Aziz Trade & Engineering Ltd. |
| আবেদনকারীর ঠিকানা | House-16, Road-1, Block-B, Niketan, Gulshan-1, Dhaka-1212 |

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

| | |
|---|---|
| পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম | Heat Exchanger, Water cooled Shell & Tube Condenser and Gas desuperheater |
| যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে | CBU |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন) | Germany |
| আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস | 8419.50.00 |

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণ:

Gas Condensation, Process cooling, Cold storage, large Refrigeration Plant, Marive Industry, HVAC Plant etc. তে ব্যবহারের জন্য Heat Exchanger, Water cooled Shell & Tube Condenser and Gas desuperheater নামক পণ্যটি CBU প্রকৃতিতে আমদানি করা হবে।

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেনীবিন্যাসের পক্ষে যুক্তিঃ
আমদানিকারকের চাহিত এইচ এস কোড 8419.50.00। Bangladesh Customs Tariff (BCT), 2022-23 হতে দেখা যায়, বর্ণিত এইচ এস কোড ভুক্ত পণ্যসমূহ হচ্ছে Heat Exchange Units. The explanatory notes of the harmonized system 2022 edition (HS) by World Customs Organization এর page XVI-8419-3 অনুসারে Heat Exchange Units সমূহ চারটি বৈশিষ্ট্যসম্পন্ন হবে, যথাঃ

- এতে Hot fluid (hot gas, steam or hot liquid) এবং cold fluid প্রবাহিত হবে,
- Fluid সমূহের প্রবাহ সমান্তরাল কিন্তু সাধারনত বিপরীত দিকে হবে,
- Fluid সমূহের গতিপথ thin metal wall দ্বারা পৃথক করা থাকবে এবং
- Hot fluid (hot gas, steam or hot liquid) এবং cold fluid প্রবাহের ফলে একটি fluid উত্তপ্ত হবে এবং অপরটি শীতল হবে।

Heat Exchange Units তিন প্রকারের হতে পারে, যথাঃ Concentric tube systems, tubular system এবং Interconnected narrow chambers.
আমদানিকারকের সরবরাহকৃত Manufacturer এর Catalogue অনুসারে, আমদানিতব্য পণ্যটি Shell and tube condensers যা tubular system type এর Heat Exchange unit. এতে Cylindrical Chamber বা Shell এর মাঝে উচ্চ চাপ এবং তাপমাত্রাসম্পন্ন Gas বা Refrigerant প্রবেশ করে। একই Cylindrical Chamber এর মাঝে অবস্থিত internal

copper এর tubular system এর মাধ্যমে coolant প্রবাহিত হয়। Gas বা Refrigerant এবং coolant এর প্রবাহের মাধ্যমে এদের মাঝে তাপের আদান প্রদান হয় এবং ফলস্বরূপ Output হিসেবে de-super heated gas অথবা condensed gas পাওয়া যায়।

আমদানিতব্য পণ্যটি Gas condensation, process cooling, reduction of temparature of diffrent gas, cold storeage, large refrigeration plant, marine industry, hvac plant etc. ইত্যাদি ক্ষেত্রে ব্যবহৃত হবে। বর্ণিত অবস্থায় সার্বিক বিবেচনায়, আমদানিতব্য পণ্যটি এইচ এস কোড 8419.50.00 তে শ্রেনীবিন্যাসিত হবে। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-১৬.০৪.২০২৩
(মোঃ মাসুদ সাদিক)
সদস্য (গ্রেড-১) (কাস্টমস: নীতি ও আইসিটি)
ও
সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৬.১৯/ তারিখ: ১৬ এপ্রিল, ২০২৩ খ্রিঃ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব) /(পশ্চিম)/চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।

২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৪। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২৫। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২৬। ব্যবস্থাপনা পরিচালক, Aziz Trade & Engineering Ltd., House-16, Road-1, Block-B, Niketan, Gulshan-1, Dhaka-1212

২৭। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

১৬/০৪/২৩
(মুকিতুল হাসান)
দ্বিতীয় সচিব
কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং
ও
সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট
ই-মেইল: nbrclassification@gmail.com